গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি)
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
বাড়ী নং ০৪, রোড নং ২১, সেক্টর নং ০৪, উত্তরা, ঢাকা-১২৩০
ফোনঃ ০২-৪৮৯৫৯১০১, ০২-৪৮৯৫৯১০২
e-mail: md.dbrtc@gmail.com

স্মারক সংখ্যা: ৩৫.আরএইচডি.০০০০.বিআরটি(এমডি).১৪.০০৩.২০১৩-২১৫ তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) একটি শতভাগ সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান। আধুনিক বাস সার্ভিস সুষ্ঠুভাবে পরিচালনার মাধ্যমে যানজটমুক্ত, নিরাপদ ও সময় সাশ্রয়ী উন্নত যাত্রী সেবা প্রদানই ঢাকা বিআরটির মূল লক্ষ্য। উক্ত লক্ষ্য পূরণের উদ্দেশ্যে বর্ণিত পদসমূহের বিপরীতে উল্লেখিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের নাগরিকগণের নিকট হতে বর্ণিত শর্তে জনবল নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম ও বেতন | পদ সংখ্যা | জন্ম তারিখ | কর্মপরিধি | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | **উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও প্রশাসন)**<br>**গ্রেড-০৩**<br>মূল বেতন ১০৫,০০০/- | ০১ | জন্ম তারিখ ০১-০১-১৯৭১ এর পূর্বে নয় | - প্রশাসনিক ব্যবস্থাপনা;<br>- বেতন-মজুরিসহ মানবসম্পদ ব্যবস্থাপনা;<br>- প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন;<br>- বাজেটিং;<br>- হিসাব ও আর্থিক ব্যবস্থাপনা;<br>- অভ্যন্তরীন নিরীক্ষণ;<br>- রাজস্ব ব্যবস্থাপনা (বাস ভাড়া, পার্কিং এবং বিজ্ঞাপন);<br>- ক্লিয়ারিং হাউজ ব্যবস্থাপনা;<br>- বাস বহর উন্নয়ন ফান্ড ব্যবস্থাপনা; এবং<br>- সময়ে সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা। | স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে ৫.০ স্কেলে ৩.৫/৪ স্কেলে ২.৫ সিজিপিএ বা সমমানের হিউম্যান রিসোর্স/ ম্যানেজমেন্ট/ কমার্স/ ফিন্যান্স/ একাউন্টিং/ বিজনেস এডমিনিস্ট্রেশন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী আবশ্যক; তবে শিক্ষাজীবনে কোনো তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br><br>অনূন্য ১২ (বার) বৎসরের কর্ম অভিজ্ঞতা, তন্মধ্যে অনূন্য ২ (দুই) বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে উর্ধ্বতন পদে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানের সক্ষমতা। |
| ২. | **ব্যবস্থাপক (প্রশাসন)**<br>**গ্রেড-০৪**<br>মূল বেতন ৭৯,০০০/- | ০১ | জন্ম তারিখ ০১-০১-১৯৮১ এর পূর্বে নয় | - প্রশাসনিক ও মানব সম্পদ ব্যবস্থাপনা কৌশল প্রণয়ন;<br>- মানব সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা;<br>- নিয়োগ, মূল্যায়ন এবং প্রশিক্ষণ;<br>- পদ্ধতি ও রীতিনীতি উন্নয়ন এবং বাস্তবায়ন; এবং<br>- সময়ে সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা। | স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে ৫.০ স্কেলে ৩.৫/৪ স্কেলে ২.৫ সিজিপিএ বা সমমানের হিউম্যান রিসোর্স/ ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী আবশ্যক; তবে শিক্ষাজীবনে কোনো তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br><br>অনূন্য ০৮ (আট) বৎসর সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্ম অভিজ্ঞতাসহ অংশীদারী নেতৃত্ব প্রদানের সক্ষমতা থাকতে হবে। |
| ৩. | **ব্যক্তিগত কর্মকর্তা**<br>**গ্রেড-০৫**<br>মূল বেতন ২৫,০০০/- | ০২ | জন্ম তারিখ ০১-০১-১৯৯১ এর পূর্বে নয় | - ব্যবস্থাপনা পরিচালকের ডাইরি ও টাইম সিডিউলিং এবং ডিটেকশন গ্রহণ;<br>- মেইল ও নথি ব্যবস্থাপনা;<br>- সভা, সেমিনার, এ্যাপয়েন্টমেন্ট, অভ্যর্থনা, উপস্থাপনা, ভ্রমন ইত্যাদি ব্যবস্থাপনা;<br>- টেলিফোন যোগাযোগ ব্যবস্থাপনা;<br>- সময়ে সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা। | স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রী আবশ্যক। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪. | **অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক**<br><br>**গ্রেড-০৬**<br>মূল বেতন ২২,০০০/- | ০৯ | জন্ম তারিখ ০১-০১-১৯৯১ এর পূর্বে নয় | - চিঠি, মেমো, প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত কার্যক্রম;<br>- চিঠিপত্র আদান-প্রদান ও রক্ষণাবেক্ষণ;<br>- ডেটা এন্ট্রি করা;<br>- ডেটা পুনরুদ্ধার এবং ডেটা সুরক্ষা নিশ্চিত করা;<br>- কম্পিউটার ও প্রিন্টার ব্যবস্থাপনা; এবং<br>- সময়ে সময়ে কর্তৃপক্ষ প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা। | স্বীকৃত কোনো বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার পারদর্শী। তবে, স্নাতক ডিগ্রীধারী অভিজ্ঞ প্রার্থী অগ্রগণ্য।<br><br>প্রতি মিনিটে কমপক্ষে ইংরেজীতে ২০টি শব্দ ও বাংলায় ২০টি শব্দ টাইপের গতি থাকতে হবে। |

অন্যান্য শর্তাবলীঃ

১. নিয়োগ বিজ্ঞপ্তি www.rthd.gov.bd, dtca.portal.gov.bd, rhd.portal.gov.bd, www.dhakabrt.com ও http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২. প্রার্থীগণকে http://dbrt.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশপূর্বক Online Application Form পূরণ করার মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উল্লিখিত ওয়েবসাইট হতে বিস্তারিত জানা যাবে। আগামী ০১ মার্চ ২০২১খ্রি: সকাল ৯:০০ টা হতে ৩১ মার্চ ২০২১খ্রি: তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে। পূরণকৃত আবেদন ফরমটি অবশ্যই download করে সংরক্ষণ করতে হবে। আবেদন ফরম পূরণের সর্বশেষ সময়ের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে শুধুমাত্র আবেদন ফী জমা প্রদান করা যাবে।

৩. প্রার্থীগণকে আবেদন ফী বাবদ ৩০০.০০ (তিন শত) টাকা (অফেরৎযোগ্য) Teletalk এর যে কোনো Prepaid নম্বর থেকে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।

৪. ঢাকা বিআরটি কোম্পানীর “কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৯” অনুযায়ী বেতন-ভাতা, যৌথ বীমা, ভবিষ্য তহবিল, গ্র্যাচুইটি, পেনশন ইত্যাদিসহ অন্যান্য সুবিধাদি নির্ধারিত হবে। আয়কর সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন প্রযোজ্য হবে।

৫. আবেদনকৃত প্রার্থীগণের মধ্যে হতে বাছাইকৃত ও যোগ্য প্রার্থীগণকে পরীক্ষার জন্য ডাকা হবে। ক্ষেত্রমতে, প্রার্থীগণের লিখিত পরীক্ষা/পরীক্ষাসমূহের ফলাফল অনুযায়ী প্রস্তুতকৃত মেধাক্রমের ভিত্তিতে উপযুক্ত প্রার্থীগণকে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার জন্য ডাকা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অগ্রগণ্য হবে।

৬. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স নির্ধাতি হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

৭. O' Level এবং A' Level এর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৮. একজন প্রার্থী কেবলমাত্র ০১ (এক) টি পদের জন্য আবেদন করতে পারবেন।

৯. কোনো পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোনো টিএ / ডিএ প্রদান করা হবে না।

১০. চূড়ান্তভাবে মনোনিত প্রার্থীকে অবশ্যই যথোপযুক্ত নির্ধারিত চিকিৎসক / চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্যপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১১. লিখিত পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম / পেন্সিলসহ অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সাথে আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১২. মৌখিক পরীক্ষার সময় পরীক্ষার্থীগণকে অবশ্যই আবেদনে উল্লেখিত সকল সনদ, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ এবং জাতিয় পরিচয়পত্র (NID) এর মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক কপি সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে।

১৩. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. লিখিত/ মৌখিক পরীক্ষার সময়সূচী ও স্থান বা কেন্দ্রের ঠিকানা, প্রবেশপত্র, ফলাফল ও অন্যান্য প্রয়োজনীয় বিষয় আবেদনকারী কর্তৃক প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে প্রদান করা হবে। এ ছাড়াও টেলিটক এর ওয়েবসাইট http://.dbrt.teletalk.com.bd এবং ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের ওয়েবসাইট www.dtca.portal.gov.bd এবং ঢাকা বিআরটি এর ওয়েবসাইট www.dhakabrt.com এ পাওয়া যাবে।

১৬. কর্তৃপক্ষ প্রয়োজনে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ সংশোধন/বাতিল/স্থগিত করতে পারবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত কোনো বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজন হলে নিয়োগকারী কর্তৃপক্ষের ব্যাখ্যা প্রাধান্য পাবে।

22.2.2021

**(সফিকুল ইসলাম)**
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা বিআরটি কোম্পানী লিমিটেড